



বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

BANGLADESH NGO FOUNDATION

স্মারক নং-বিএনএফ/প্রশাঃ/প্রিন্টিং/১৯/১৫/৮৬

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ
১০ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ

কোটেশন আহবান

নিম্নোক্ত স্পেসিফিকেশন অনুযায়ী বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন এর নিউজলেটার বিশেষ সংখ্যা (বাংলায়) বই আকারে ছাপানো হবে।
মুদ্রণে অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত ছাপাখানা মালিকদের নিকট হতে নিজ প্রতিষ্ঠানের প্যাডে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ও সীল সহ কোটেশন
আহবান করা যাচ্ছে।

কাজের বিবরণ	স্পেসিফিকেশন	পরিমাণ
নিউজলেটার বিশেষ সংখ্যা (বাংলায়) ২০১৫	ক) আকারঃ ১১.৫০" X ৮.২৫" খ) পৃষ্ঠা : ৮৫ পৃষ্ঠা (প্রতিটি বই) ১) সকল পৃষ্ঠা চার রং গ) কাগজঃ ১) কভার পেজ : আর্ট কার্ড (৩০০ জিএসএম) বাইরের পাশ মেট লেমিনেশন এবং স্পট লেমিনেশন। ২) ভিতরের পেজ : ১০০ জিএসএম আর্ট কাগজ গ্লুসি, রঙ্গিন (কোরিয়ান, হ্যানসল কোম্পানী) ঘ) বাধানো : গ্লু বাইন্ডিং ঙ) প্রচ্ছদ ও ডিজাইন : ছাপাখানা প্রতিষ্ঠানকে ডিজাইন করতে হবে এবং প্রচ্ছদ সরবরাহ করতে হবে।	৫০০ (পাঁচ শত) বই।

শর্তাবলীঃ

- আগামী ০৩ মার্চ ২০১৬ তারিখ দুপুর ২:০০ ঘটিকার পূর্বে ফাউন্ডেশনের টেন্ডার বক্সে কোটেশন দাখিল করতে হবে এবং একই স্থানে দুপুর ২:৩০ ঘটিকায় দরদাতার উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে।
- কোটেশনের সাথে অবশ্যই নবায়নকৃত হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN Certificate, VAT Registration number, কোম্পানী প্রোফাইল ও কাজের অভিজ্ঞতা সনদ এবং নিউজলেটার বিশেষ সংখ্যা বই এর কভার পেজ ও ভিতরের পেজের কাগজের নমুনা দাখিল করতে হবে।
- দাখিলকৃত কোটেশনের মধ্যে যে কোটেশন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হবে সে ছাপাখানা প্রতিষ্ঠান কে নিজ খরচে নিউজলেটার বিশেষ সংখ্যার প্রচ্ছদ সরবরাহ করতে হবে। পূর্বে কোন বইয়ে ব্যবহৃত হয়নি এমন প্রচ্ছদ সরবরাহ করতে হবে এবং পরেও নির্বাচিত প্রচ্ছদ কোন বই ছাপাতে ব্যবহার করা যাবে না। ফাউন্ডেশন যে প্রচ্ছদ দ্বারা নিউজলেটার বিশেষ সংখ্যা ছাপাবে সেই প্রচ্ছদ যদি অন্য কোন বইয়ের প্রচ্ছদের সাথে মিলে যায় তাহলে প্রচ্ছদ সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রচ্ছদ গ্রহণ করা বা না করা কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত থাকবে।
- কার্যদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ছাপানো খসড়া কপি অনুমোদনের জন্য কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। খসড়াতে কর্তৃপক্ষ কর্তৃক সংশোধন, সংযোজন বা বিয়োজন করার পর নির্ভুল আকাণ্ডে বই ছাপাতে হবে। প্রকাশের পর বইয়ে কোন ভুল-ভ্রান্তি ধরা পড়লে ভুল সংশোধন করে পুনঃমুদ্রণ করতে হবে, তবে তার জন্য কোন অতিরিক্ত মূল্য দাবী করা যাবে না।
- ওয়েবসাইটে প্রকাশের উপযোগী করে নিউজলেটার বিশেষ সংখ্যার বই এর লেখাটি পিডিএফ ফরম্যাটে সিডিতে সরবরাহ করতে হবে।
- নমুনা অনুযায়ী নিউজলেটার বিশেষ সংখ্যা যথাসময়ে সরবরাহ করতে হবে এবং চূড়ান্ত প্রিন্টিং এর পূর্বে অবশ্যই কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। নির্দিষ্ট সময়ে শর্ত মোতাবেক সরবরাহ করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ কোটেশন বাতিল অথবা বিল থেকে জরিমানা কর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।
- বিল দাখিল করার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে এবং ভ্যাট ও আয়কর সহ অন্যান্য কর কর্তন সম্পর্কিত সরকারি বিধি বিধান প্রযোজ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা সকল কোটেশন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২২-০২-২০১৬

(মোহাম্মৎ জাকিয়া লাবনী)

নির্বাহী অফিসার (প্রশাসন)

ফোনঃ ৯৮৮০২৩০/১১৪

অনুলিপি:

- বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন নোটিশ বোর্ড।
- বিভিন্ন ছাপাখানা প্রতিষ্ঠান